



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অভিযোগ ও প্রতিকার ব্যবস্থা



অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) সেবাগ্রহীতার অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি	ড. মহঃ শের আলী মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	২০ জুন ২০২১
সভার সময়	বেলা ১২.০০ ঘটিকা
স্থান	অনলাইন জুম প্ল্যাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট ক

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) বিষয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)'র সেবাগ্রহীতা খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), হাইড্রো কার্বন ইউনিট এবং বিস্ফোরক পরিদপ্তর এর প্রতিনিধিদের সাথে জুম প্ল্যাটফর্মে অনুষ্ঠিত অবহিতকরণ সভার কার্যবিবরণী:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরিচিতি পর্ব শেষে জিএসবি'র অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) এর অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) জনাব আক্তারুল আহসান, উপ-পরিচালক (ভূতত্ত্ব) সকলকে অবহিত করেন সিটিজেন চার্টারে দেয়া জিএসবি'র যে কোন সেবা দানে ব্যর্থতা, সেবায় বিলম্ব, সেবার মানে অসন্তুষ্ট হয়ে জিএসবি'র যে কোন সেবা গ্রহীতা অনলাইনে বা অফলাইনে অভিযোগ করতে পারেন। তবে এ পযন্ত জিএসবি'র কোন অংশীজন/সেবা গ্রহীতা বা নাগরিক জিএসবি'র সেবা বিষয়ে কোন অভিযোগ করেনি। স্বল্প সময়ে যে কোন অভিযোগের তদন্ত ও উপযুক্ত ব্যবস্থা নেয়ার ব্যাপারে জিএসবি'র অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) অংশীকারাবদ্ধ।

সভাপতি এপিএ বাস্তবায়নের ধারাবাহিকতায় অংশীজনের এ সভার আয়োজন করা হয়েছে উল্লেখ করে জিএসবি হতে সেবা পেতে কোন সমস্যা হচ্ছে কিনা এ বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের মতামত জানতে চান। সভায় উপস্থিত সেবাগ্রহীতা হাইড্রোকার্বন ইউনিটের প্রতিনিধি জনাব নাজমুল হক জিএসবি হতে তাদের চাহিদাকৃত তথ্য-উপাত্ত এবং অন্যান্য আনুষঙ্গিক সেবাসমূহ যথাসময়ে পাওয়া যায়, সেবা প্রাপ্তিতে কোন বিলম্ব হচ্ছেনা মর্মে সভাকে অবহিত করেন। হাইড্রোকার্বন ইউনিট হতে সেবা পেতেও কোন সমস্যা বা বিলম্ব হয়না মর্মে জনাব নুরুদ্দিন সরকার, পরিচালক (ভূতত্ত্ব) সভাপতিকে অবহিত করেন।


বিস্ফোরক পরিদপ্তর হতে সভায় অংশগ্রহণকারী জনাব সানজিদা বেগম জিএসবি হতে তাদের চাহিদাকৃত সেবাসমূহ যথাসময়ে পাওয়া যায় এবং সেবা প্রাপ্তিতে কোন সমস্যা হচ্ছেনা বলে মতামত ব্যক্ত করেন।

সভায় উপস্থিত খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)'র সেবাগ্রহীতা জনাব মাহবুবা আক্তার (সহকারী পরিচালক) জানান জিএসবি হতে বিএমডি সব সময় দ্রুততার সাথে সহযোগিতা পেয়ে থাকে এবং জিএসবি'র সেবা বিষয়ে বিএমডি'র পক্ষ হতে কোন অভিযোগ বা আপত্তি নেই।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সিদ্ধান্তঃ

সভাপতি সভার সকলের উদ্দেশ্যে বলেন, যেহেতু জিএসবি'র সেবা বিষয়ে সেবা গ্রহীতাদের কোন আপত্তি নেই এবং অংশীজনদের সেবা প্রদানের ব্যাপারেও জিএসবি'র কোন আপত্তি নেই, এতে প্রতীয়মান হয় যে, সেবা গ্রহীতাদের পারস্পরিক সম্পর্ক সন্তোষজনক। সভাপতি সকলকে নিজেদের মধ্যে সেবাদানের ও সহযোগীতার চলমান পারস্পরিক সম্পর্ক বজায় রাখার আহবান জানান।



ড. মহঃ শের আলী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.২০০.২৭.০০১.২১.১১

তারিখ: ১২ আষাঢ় ১৪২৮

২৬ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) জিএসবি'র শাখা প্রধানগণ
- ২) জিএসবি'র কর্মকর্তাবৃন্দ
- ৩) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



আঞ্জাবুল আহসান
উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১